

ইতিহাস
নিজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভিসি
নিয়োগের দাবি

ইতিহাসিক রিপোর্ট

দুর্নীতিমুক্ত বিশ্ববিদ্যালয় গড়তে নিজ প্রতিষ্ঠান থেকে ভিসি নিয়োগের দাবি জানিয়েছে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিক ঐক্য পরিষদ। শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এক সাংবাদিক সন্মেলনে এ দাবি জানানো হয়। এ দাবি না মানলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক পদ থেকে সব শিক্ষক একযোগে পদত্যাগ করবেন বলে সন্মেলনে ঘোষণা দেন। এছাড়া দাবি আদায়ে মৌনমিছিল, প্রশাসনিক ও উপচার্য কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করা হবে।

সন্মেলনে শেকুবি ঐক্য পরিষদের সদস্য সচিব অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সাংবাদিকদের জানান, দুর্নীতির দায়ে সাবেক ভিসি অপসারিত হবার পর ৪ মাস পেছিয়ে গেলেও এ বিশ্ববিদ্যালয়ে কোন ভিসি নিয়োগ দেয়নি সরকার। তিনি বলেন, বাইরের বিশ্ববিদ্যালয় থেকে (১০শ পৃঃ ৩-এর কঃ প্রঃ)

নিজ শিক্ষা প্রতিষ্ঠান

(১৬শ পৃঃ পর)

ভিসি নিয়োগ দেয়া হলে তার প্রতিষ্ঠানিক ও সামাজিক জবাবদিহিতা থাকে না।

সন্মেলনে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. নুরুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (অর্থ ও হিসাব) মো. কামরুল আনাম, সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক আসাদুজ্জামান কিটন, কর্মচারী পরিষদের সভাপতি আব্দুল হোসেন, সাধারণ সম্পাদক আকবান আলী এবং শ্রমিক নেতা সরোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।